

আল-কাসাস | Al-Qasas | الْقَصَص

আয়াতঃ ২৮ : ৭৯

আরবি মূল আয়াত:

فَخَرَجَ عَلَى قَوْمِهِ فِي زِينَتِهِ ۚ قَالَ الَّذِينَ يُرِيدُونَ الْحَيَاةَ الدُّنْيَا يَلِيتَ لَنَا
مِثْلَ مَا أُوتِيَ قَارُونُ إِنَّهُ لَذُو حَظٍّ عَظِيمٍ ﴿٧٩﴾

অনুবাদসমূহ:

অতঃপর সে তার কওমের সামনে জাঁকজমকের সাথে বের হল। যারা দুনিয়ার জীবন চাইত তারা বলল, ‘আহা! কারুনকে যেমন দেয়া হয়েছে আমাদেরও যদি তেমন থাকত! নিশ্চয় সে বিরাট সম্পদশালী।’ — আল-বায়ান

কারুন শান-শওকাতের সাথে তার সম্প্রদায়ের সামনে হাজির হল। যারা পার্থিব জীবন কামনা করে তারা বলে উঠল- ‘হায়! কারুনকে যা দেয়া হয়েছে আমাদের জন্যও যদি তা হত! সত্যিই সে মহা ভাগ্যবান ব্যক্তি।’ — তাইসিরুল

কারুন তার সম্প্রদায়ের সামনে উপস্থিত হয়েছিল জাকজমক সহকারে। যারা পার্থিব জীবন কামনা করত তারা বললঃ আহা! কারুনকে যে রূপ দেয়া হয়েছে আমাদেরকে যদি তা দেয়া হত! প্রকৃতই সে মহা ভাগ্যবান! — মুজিবুর রহমান

So he came out before his people in his adornment. Those who desired the worldly life said, "Oh, would that we had like what was given to Qarun. Indeed, he is one of great fortune." — Sahih International

৭৯. অতঃপর কারুন তার সম্প্রদায়ের সামনে বের হয়েছিল জাকজমকের সাথে। যারা দুনিয়ার জীবন কামনা করত তারা বলল, আহা, কারুনকে যে রূপ দেয়া হয়েছে আমাদেরকেও যদি সে রূপ দেয়া হত! প্রকৃতই সে মহাভাগ্যবান।(১)

(১) হ্যাঁ সত্যিই সে মহা ভাগ্যবান, তবে সেটা তাদের দৃষ্টিতে, যাদের কাছে মানুষের ভাগ্য শুধু দুনিয়ার প্রাচুর্যের উপর নির্ভরশীল। যারা মৃত্যুর পরের জগত সম্পর্কে মোটেও চিন্তা করে না, সেখানকার অবস্থা সম্পর্কে চিন্তা করে না। তারা তো এটা বলবেই [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৭৯) কারুন তার সম্প্রদায়ের সম্মুখে জাঁকজমক সহকারে বের হল। [1] যারা পার্থিব জীবন কামনা করত তারা বলল,[2] ‘আহা! কারুনকে যা দেওয়া হয়েছে সে রূপ যদি আমাদেরও থাকত; প্রকৃতই সে মহা ভাগ্যবান।’

[1] অর্থাৎ, শোভা-সৌন্দর্য, সাজ-সজ্জা ও চাকর-বাকরসহ।

[2] এ কথা কারা বলেছিল? কেউ কেউ বলেন, ঈমানদার লোকেরাই কারুনের আধিপত্য ও ধন-সম্পদে প্রভাবিত হয়ে এ কথা বলেছিল। আবার কেউ বলেন, এ কথা বলেছিল কাফেররা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3331>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন